

## 💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ২৮৬

১. পবিত্রতা (کتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৩০. ডান হাতের আগে বাম হাত ধৌত করা জায়েয

بَابُ مَا رُوِيَ فِي جَوَازِ تَقْدِيم غَسْلِ الْيَدِ الْيُسْرَى عَلَى الْيُمْنَى

## আরবী

نَا مُحَمَّدُ بْنُ الْقَاسِمِ بْنِ زَكَرِيَّا ، نَا إِسْمَاعِيلُ ابْنُ بِنْتِ السُّدِّيِّ ، نَا عَلِيُّ بْنُ مُسْهِرٍ ، عَنْ إِسْمَاعِيلُ ابْنُ بِنْتِ السُّدِّيِّ ، نَا عَلِيًّا : أَبْدَأُ إِسْمَاعِيلَ بْنِ أَبِي خَالِدٍ ، عَنْ زِيَادٍ مَوْلَى بَنِي مَخْزُومٍ ، قَالَ : سَأَلَ رَجُلُ عَلِيًّا : أَبْدَأُ بِالشِّمَالِ قَبْلَ يَمِينِي فِي الْوُضُوءِ ؟ فَأَضْرَطَ بِهِ عَلِيُّ رَضِيَ اللَّهُ عَنْهُ ، ثُمَّ دَعَا بِمَاءٍ ، فَبَدَأَ بِشِمَالِهِ قَبْلَ يَمِينِهِ

## বাংলা

২৮৬(২). মুহাম্মাদ ইবনুল কাসেম ইবনে যাকারিয়া (রহঃ) ... বনূ মাখযূমের মুক্তদাস যিয়াদ (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, এক ব্যক্তি আলী (রাঃ)-কে জিজ্ঞেস করলো, আমি কি আমার ডান দিকের পূর্বে বাম দিক থেকে উযু আরম্ভ করতে পারি? অতএব আলী (রাঃ) মুখ দিয়ে বাতকর্মের অনুরূপ শব্দ করলেন (ঠাট্টাচ্ছলে) এবং পানি আনার নির্দেশ দিলেন। তিনি নিজের ডান দিকের পূর্বে বাম দিক থেকে উযু আরম্ভ করলেন।

## ফুটনোট

\* ইয়াহইয়া ইবনে মাঈন বলেন, মুক্তদাস যিয়াদের হাদীস গ্রহণযোগ্য নয় (অনুবাদক)।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ প্রনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ যিয়াদ (রহঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন